# আমরা সাইয়ীদদের পিতামহকে অনুসরণ করি

*আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।*
*আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।*
*আস-সালাতু ওয়া আস-সালামু' আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।*
*মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,*
*শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।*
*তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।*

আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "আমি যা বলিনি তা যদি কেউ বলে আমি বলেছি, অথবা, আমি যা বলেছি তা যদি কেউ বলে আমি বলিনি, সে যেন জাহান্নামের জন্য প্রস্তুত হয়।" আজকের মানুষেরা অহরহ বলে, "আমাদের পবিত্র নাবী (সাঃ) এটা বলেছেন ।" কিন্তু তিনি তা বলেননি। এসব লোকেরা এখন ভারী বোঝার নীচে আছে এবং তারা গুনাহ করছে। এটা একটা ব্যাপার। আবার সেরকম লোকও আছে যারা বলে, "আমি সাইয়ীদ" কিন্তু তারা সাইয়ীদ নয়। তাদের দোষ আরো বেশি।

আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "তোমাদের বংশধারা জানো, তুমি কোথা থেকে এসেছ জানো।" আজকের মানুষেরা এর দিকে বেশি তাকায় না। খুব বেশি হলে তারা জানে তাদের দাদা কে অথবা তাদের দাদার বাবা কে। তারা এতটুকুই অতীতে যেতে পারে। কিন্তু বংশ পরম্পরা, বংশের ধারা কোথা থেকে আসছে এবং কোথায় যাচ্ছে তা জানা একটি গুরুত্বপূর্ণ বিষয়। মানুষের এ ব্যপারে গুরুত্ব দেয়া উচিৎ। যেন না ভাবে যে তারা যদি এমন কোন কিছু দাবী করে যা তারা নয়, তাতে কোন উপকার আছে। তার জন্যেও জবাব দিতে হবে।

সবকিছুরই হিসাব আছে। এই জীবন এখানেই শেষ হয়ে যায় না। সত্যি জীবন, যেসব জিনিস জিজ্ঞেস করা হবে তা আছে আখিরাতে। এমন কোন কথা নেই যে, "আমি করেছি এবং এটাই শেষ কথা।" তুমি করেছ, কিন্তু এটাই শেষ কথা নয় যদিও কিছু সময় মানুষ অনেক কিছু করে পৃথিবীতে পার পেয়ে যায়। আখিরাতে এমন নয়। তাদের তাওবা করে ক্ষমা চাওয়া দরকার যেন তারা আখিরাতে বাঁচতে পারে। তারা যেন তাদের কাজের জন্য অনুতপ্ত হয়। শুধু এভাবেই তারা রক্ষা পেতে পারে। তারা যেন না ভাবে, "আমি এই ভূল কাজটি করেছি এবং তার দ্বারা উপকৃত হয়েছি।"

তাদের বোঝা অনেক ভারী যারা মানুষকে "আমি সাইয়ীদ" বলে বোকা বানাচ্ছে। মানুষও তাদের পেছনে ছুটে ভূল পথে যায় এই ভেবে যে সে সাইয়ীদ। এমন মানুষকে অনুসরণ করার কোন দরকার নেই যে সাইয়ীদ কিন্তু সে ভূল পথে আছে। আমরা সেই সাইয়ীদের পিতামহকে অনুসরণ করি, সাইয়ীদকে নয়। তিনি (সাঃ) আমাদের পথ দেখিয়েছেন। যদি সেরকম সাইয়ীদ থাকে যারা বিপথে গেছে, আল্লাহ্ তাদের পথ দেখাবেন ইনশাআল্লাহ্। আমাদের জন্য কোন অনুমতি নেই তাদের ভুলগুলো অনুসরণ করার।

# হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

কেউ আল্লাহ'র অবাধ্যতার আদেশ দিতে পারে না। এরকম মানুষ অনুসরণ করা ঠিক নয় সে যেই হোক না কেন। এটা যেন জানা থাকে সবার কারণ মানুষেরা আমাদের পবিত্র নাবী (সাঃ) এবং উনার বংশধরদের সম্মান করে। আমাদের দরকার আমাদের পবিত্র নাবী (সাঃ) কে অনুসরণ করার। সাইয়িদরা আমাদের মাথার উপরে এবং উনাদের বেশির ভাগই এমনিতেই সঠিক পথে আছেন। কিন্তু শয়তান মাঝে মাঝে মানুষের সাথে খেলতে পারে। উনারা সবাই নিষ্পাপ নন। একমাত্র দোষহীন হচ্ছেন আমাদের পবিত্র নাবী (সাঃ)। উনার পরে আর কেউ নিষ্পাপ নয়। আল্লাহ্ যেন আমাদেরকে সঠিক পথ থেকে বিচ্যুত না করেন এবং আমাদেরকে পথহারা না করেন ইনশাআল্লাহ্।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১১ অগাস্ট ২০১৬/৮ যিল-কাদাহ ১৪৩৭
ফাজর নামায, আকবাবা